

ভাষা: বাংলা
পৃষ্ঠা: ১৪
কলাম: ১

রাসূল পাকের (সাঃ) আদর্শ অনুসরণের জন্যে মাদ্রাসা শিক্ষার বিকল্প নেই

.....মাওঃ এম এ লতিফ
পাবনা জেলা সংবাদদাতা : বাংলাদেশ
জমিয়্যাতুল মোদারেরহীনের মহাসচিব ও
শিক্ষক কর্মচারী একাজেটের আহবায়ক
মাওলানা এম এ লতিফ বলেছেন, প্রকৃত
মূল্যবান হিসেবে গড়ে ওঠার জন্য এবং
রাসূল পাকের (সাঃ) আদর্শ অনুসরণের জন্য
মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার কোন বিকল্প নেই।
পবিত্র মদীনা-মোনওয়ারা থেকে এই শিক্ষা
তরু হয়েছিল। পাবনা আলিয়া মাদ্রাসা
মিগনায়তনে পাবনার বিভিন্ন মাদ্রাসার
প্রিন্সিপাল, সুপার ও শিক্ষকদের সাথে এক
মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য
কালে তিনি এ কথা বলেন। জমিয়্যাতুল
মোদারেরহীন পাবনা জেলা শাখার সভাপতি
মাওলানা আনসার উল্লাহের সভাপতিত্বে এই
মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে
বক্তব্য রাখেন বাংলাদেশ জমিয়্যাতুল
মোদারেরহীনের যুগ্ম মহাসচিব মাওলানা
সাব্বির আহমেদ মমতাজী, সদস্য মাওলানা
আব্দুল মজিদ। অন্যান্যের মধ্যে বক্তব্য
রাখেন পাবনা জেলা জমিয়্যাতুল
মোদারেরহীনের সহ-সভাপতি ও অধ্যক্ষ
শিবপুর ফাজিল মাদ্রাসার মাওলানা নিজাম
উদ্দীন প্রমুখ।